3063 I 2846 200Rs




Admissible u/s 28 (a)/28(b) of the UL (C & R) Act 1976



[illegible] also u/s 8/1 -44 of L R Act 1908
Exempt from Stamp duty - Dose not require stamp duty, duly stamped under the Indian Stamp Act 1899 W B 2nd amendment Act 1964
Schedule 1 A No
Fee Paid

Sub-Registrar
Cossipore Dum Dum

সাফ বিক্রয় কোবালা দলিল

মূল্য ৭০০০ সাত হাজার টাকা

| কোবালা গ্রহীতা | কোবালা দাতা |
|---|---|
| শ্রী তপন গুহ চৌধুরী | শ্রী লাল মোহন বাগচী |
| পিতা মৃত যতীন্দ্র মোহন গুহ চৌধুরী | পিতা মৃত কালোধন বাগচী |
| জাতি হিন্দু, পেশা চাকুরী | জাতি হিন্দু, পেশা চাকুরী |
| সাং ৯৬ নং গোপাল লাল ঠাকুর রোড | সাং ২৬ নং রাম চন্দ্র বাগচী লেন |
| থানা বরাহনগর কলিকাতা ৩৬ । | থানা বরাহনগর কলিকাতা ৩৫ । |

কলা ৪নং বিধি মতে অকৃষি প্রজা স্বত্বের প্লট প্ল্যানের বি২ নং প্লট ভুক্ত

1823 (S)

Tapan Sen Choudhury
Lalbal Lal before ...
Cal-36

1823 (S) = 20R
1R
3R
5R
1L
33 ...

Presented for Registration at 6-20 ... M
a.m., P.M. on the 12th day of May 197..
at his Private Residence at 26 Ram Chandra Bagchi Road
at Cossipore Dum Dum Sub-Registrar's Office
by ... Lal Mohan Bagchi

Sub-Registrar
Cossipore, Dum Dum
12/5/7..

Lal Mohan Bagchi

Lalmohan Bagchi
Son of Late Katodhan Bagchi
of 26 Ram Chandra Bagchi Road
Thana ... Cal-35
District 24-Parganas.
By Caste, Hindu Muslim
By profession: Service ...

Kanai Lal Banerjee
Son of Late Bhupendra Nath Banerjee
of 35 B. Arrah ... Road
Thana ... Cal-35
District 24-Parganas.
By Caste, Hindu; Muslim,
By profession: Service Calcutta ...

V. C. T. I. No. 111

Lal Mohan Bagchi

Kanai Lal Banerjee

Sub-Registrar
Cossipore, Dum Dum
12/5/7..

100 Rs.






কমবেশ /১।।৵২২ এক কাঠা দশ ছটাক বাইশ বর্গফুট বাস্তু জমি যায় চলাচলের যাবতীয় কমন প্যাসেজের ইজমেন্ট রাইট সহ সাফ. বিক্রয় কোবালা পত্র মিদং কার্যঞ্চাগে -

জেলা ২৪ পরগণা থানা বরাহনগর , বরাহ নগর মিউনিসিপ্যালিটির অনুর্গত ১৩নং ব্যারিষ্টার পি. মিত্র রোড প্রেমিসেস ভুক্ত মৌজা বরাহনগর গ্রামে জেঃ এলঃ নং ৫ রেঃ সাঃ নং ৬ পরগণা কলিকাতা ১০৬৮ ইচেত নং তৌজি ভুক্ত ৬১৪৯, ৬১৪৪ ও ৫৯৬৪ নং হাল খণ্ড খতিয়ানে ১৭৮৭ নং দাগের মোট .২৭০৭ শতক বাস্তু জমি বাংলা মাপে কমবেশ ৸৩৵৩৭ আঠার কাঠা দুই ছটাক সাইত্রিশ বর্গফুট জমি যথাক্রমে ।/৬।।// ক্রমি অংশ হিসাবে মালিক অধুনা মৃত বেচুধন বাগচীর একমাত্র উত্তরাধিকারী স্ত্রী শ্রীমতী লাবন্য দেবী ২। শ্রী লাল মোহন বাগচী ৩। শ্রী ভোলানাথ বাগচী দিং যোল আনা রুকমে সত্ব

30 Rs.

तीस रुपया

३०रु. भारत INDIA 30Rs

THIRTY RUPEES



দখলিকার হইতেছেন। তৎপর আমরা উক্ত সম্পত্তি তাহার স্থলাভিষিক্ত ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া মিউনিসিপ্যালিটিতে ও কালেক্টারীতে নিজ নিজ নাম পত্তন করিয়া ধার্য্যকৃত খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া যৌথ ভাবে ভোগদখলিকার থাকা অবস্থায় ইং ১১।৫।৭৭ তারিখে ২৮-০৭-৭৫; এক আপোষ বন্টন নামা দলিল প্রস্তুত করিয়া লইয়া বন্টন নামা দলিলের।গ। তপশীলে বর্ণিত এবং পার্টিশান প্ল্যানে ।বি। লট ভুক্ত সম্পত্তি হলুদ রংয়ের বর্ডার দ্বারা চিহ্নিত ৴৪।।৭ কাঠা বাস্তু জমি আমার নামে নির্দিষ্ট অংশে প্রাপ্ত হই এবং দখল লই। তৎপর আমার বন্টন নামা দলিলে প্ল্যানে উক্ত ৴৪।।৭ কাঠা জমিতে ৩টি ভিন্ন ভিন্ন প্লট করিয়া যথাক্রমে বি১, বি২ ও বি৩ এই তিনটি ভিন্ন ভিন্ন প্লট করিয়াছি।

বর্তমানে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে আমার নগদ টাকার

5 Rs

INDIA

पाँच रुपया

पाँच रुपया

FIVE RUPEES भारत FIVE RUPEES



বিশেষ আবশ্যক হওয়ায় আমার উক্ত প্রস্তুতীয় প্লট মধ্যে বি২ নং প্লট ভুক্ত /১।।/২২ এক কাঠা দশ ছটাক বাইশ বর্গফুট বাস্তু জমি যাহা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল ও যাহা অত্র সাথে ও অত্র কোবালা দলিলের একাংশ গণ্য নক্সায় লাল রংয়ের সীমারেখা দ্বারা বেষ্টিত ও চিহ্নিত হইল তাহা বর্তমান বাজার উচিত সর্বোচ্চ মূল্য কেবলমাত্র মং ৭০০০ সাত হাজার টাকা পন মূল্যে বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি উক্ত সম্পত্তি উক্ত মূল্যে খরিদ করিবার আগ্রহ প্রকাশ করায় আমি তাহাতে সম্মত ও রাজী থাকিয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে পনের সাকুল্য মং ৭০০০ সাত হাজার টাকা নিম্ন জায়মোতাবেক নগদ বুঝিয়া পাইয়া ও তৎপ্রাপ্তি স্বীকারে অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন করিয়া দিয়া এতদ্বারা স্বীকার অঙ্গিকার প্রকাশ ও প্রচার করিতেছি যে -

1R$^s$

INDIA

एक रुपया　एक रुपया

ONE RUPEE भारत ONE RUPEE



তপশীল বর্ণিত বিক্রিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল অধিকার হক হকিয়ত আদি ছিল ও আছে তৎ সমুদয় অদ্য হইতে অত্র বিক্রয় কোবালার বলে আমা হইতে চিরতরে ধ্বংস ও বিলুপ্ত হইয়া আপনার প্রতি বর্ত্তিল ও অর্শিল। আপনি অদ্য হইতে উহাতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার হইয়া মালিক সরকারে ও মিউনিসিপ্যালিটিতে নিজ নাম পত্তন করিয়া খাজনা ও ট্যাক্সাদি আদায়ে উহা কাটিয়া ভরিয়া বাস্তু বাগোয়াত আদি বানাইয়া দালান ইমারত আদি নির্ম্মাণে বৃক্ষাদি রোপণে ও ছেদনে বা কাঁচা পাকা গৃহাদি নির্ম্মাণে কূপ নলকূপ ড্রেন আণ্ডার ড্রেন পায়খানা ইত্যাদি খননে বৈদ্যুতিক তার ও জলের কলের কানেকশান আদি লইয়া যদিচ্ছা দখলের কার্য্য পরিচালনে দান বিক্রয় বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তর রূপান্তর ও অবস্থান্তর করণের উপযুক্ত ক্ষমতা ধারণে পুত্র পৌত্রাদি ওয়ারেশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন।

তাহাতে আমি কি আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ কস্মিন কালেও কোনও প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা সর্বদা সর্বথা সর্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবেক । তপশীল বর্ণিত বিক্রিত সম্পত্তি আমি ইতি পূর্বে অন্য কোন স্থানে দান বিক্রয় বন্ধকাদি দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা হস্তান্তর করিবার নিমিত্ত অপর কাহারও সহিত কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তি করি নাই বা উহাতে আমার অপর কোন শরিক বা অংশীদার নাই বা আমি কাহারও বেনামদার নহি বা উহাতে কোন মামলা মোকর্দমা চলিত বা পেণ্ডিং নাই বা কোন মোকর্দমার বিষয়ীভূত নহে বা উহাতে কোন আদালত হইতে নীলাম বিক্রয় হয় নাই বা কোন নিষেধাজ্ঞা প্রচার নাই বা উহাতে কোন চার্জ বা লিয়েন নাই বা সরকার বাহাদুর হইতে বা কোন যৌথ প্রতিষ্ঠান হইতে কোন প্রকার এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই উহা কোন দেব সেবায় অর্পন করি নাই বা কোন প্রজাবিলি নাই । সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আমার খাস দখলে বিদ্যমান থাকা অবস্থায় অত্র কোবালা দলিল মূলে আপনাকে বিক্রয় করিয়া বিক্রিত জমি জমা হইতে আমি মায় ওয়ারিশানগণ ক্রমে একেবারে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম ও আপনাকে খাস দখল প্রদান করিলাম । আপনি আমার কথায় সরল বিশ্বাসে উহা খরিদ করিলেন । যদি ভবিষ্যতে আমার কোন দায় ও দোষ থাকা প্রকাশে কি আপনার স্বত্ব দখলের কোন বিঘ্ন জন্মে বা আমার উক্তি মিথ্যা বা তঞ্চকতা প্রকাশে আপনার কোন ক্ষতি হয় বা আপনি উহা হইতে বা উহার কোন অংশ

হইতে বেদখল হয়েন তাহা হইলে যাফিক আইন আমলে আসিব ও আপনার সর্ব প্রকার ক্ষতি পুরণ সহ পনের সাকুল্য টাকা এক কালিন ফেরত দিতে মায় ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম ও রহিল।

ভুল ভ্রান্তি বশতঃ ভবিষ্যতে আমার দ্বারা কোন প্রকার সংশোধন দলিল করার আবশ্যক হইলে তাহা আমি বিনা পনে আপনার খরচায় ও আপনার তলবে তাহা করিয়া দিতে মায় ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম ও রহিল।

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় অত্র দলিল পাঠ করিয়া ও করাইয়া ইহার মর্ম্ম সম্যক অবগত হইয়া ও বুঝিয়া পনের সাকুল্য টাকা আপনার নিকট হইতে নগদ বুঝিয়া পাইয়া ও তৎপ্রাপ্তি স্বীকারে অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর যথা রীতি সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তাং সন ১৯৭৭ সালের ১১ই মে বাংলা ১৩৮৪ সালের ২৮ শে বৈশাখ।

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় –

জেলা ২৪ পরগণা থানা বরাহনগর সাবরেজেষ্ট্রী কাশীপুর দমদম এলাকাধীন বরাহনগর মিউনিসিপ্যালিটির ৬০নং ব্যারিষ্টার পি. মিত্র রোড প্রেমিসেস

ভুক্ত মৌজা বরাহনগর গ্রামে জেঃ এলঃ নং ৫ রেঃ সাঃ নং ৬ পরগণা কলিকাতা। কালেক্টারীর ~~২৮৩৩~~ ১০৬৮ নং তৌজি ভুক্ত ৬১৪৯,৬১৪৪ ও ৫৯৬৪ নং খতিয়ানে ১৭৮৭ সত্ত্বেগত সাতাশি দাগের মধ্যে প্লট প্ল্যানের বি২ নং প্লট ভুক্ত সুনাম মাপে কমবেশ ✓১॥✓২২ এক কাঠা দশ ছটাক বাইশ স্কোয়ার ফুট বাস্তু জমি মায় চলাচলের ও ব্যবহারিক ইজমেন্ট সত্ত্বাদি সহ দখলসু হক হকুক অত্র কোবালা দলিল মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে। বিক্রিত সম্পত্তি অত্র সাথ ও অত্র কোবালা দলিলের একাংশ গণ্য নক্সায় লাল রংয়ের সীমারেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত হইতেছে। বিক্রিত সম্পত্তির হারাহারি খাজনা .৪০ পয়সা বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেক্টার বাহাদুর হইতেছেন ঃ

ইহার চৌহদ্দি –

উত্তর – ১৬ ফুট প্রশস্ত রাস্তা
দক্ষিণ – প্রনব ব্যানার্জি দিং বাটী
পূর্ব্ব – বি৩ নং প্লট ভুক্ত দাতার খাস জমি
পশ্চিম – বি১ নং প্লট ভুক্ত দাতার খাস জমি।

তপশীল টাকার জায় —

অদ্য তারিখে —

১০০ টাকার নোট ৭০ কেতা — 7000 টাকা

মবলগে সাত হাজার টাকা মাত্র।

ইসাদী

[illegible]

টাইপ কারক

[illegible]

আলিপুর পুলিশ কোর্ট

সাফ বিক্রয় কোবালা দলিল

মূল্য ৭০০০ সাত হাজার টাকা

কোবালা গ্রহীতা

শ্রী তপন কুমার গুহ চৌধুরী

কোবালা দাতা

শ্রী লাল মোহন বাগচী

Sub-Registrar
Cossipore, Dum Dum

BARANAGAR

মুসাবিদা কারক

শ্রী বিজয় কুমার দত্ত
২৮।৩ বিহারী লাল পাল স্ট্রীট
কলিকাতা ৩৬।

Sub-Registrar
Cossipore, Dum Dum
1-6-77